# জুলাই/২০২৫ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ কমিটির মাসিক সভার কার্যবিবরণী:

প্রশাসক : মোঃ মহিদুল হক
প্রশাসক, উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
কাউনিয়া, রংপুর।

তারিখ : ১০/০৭/২০২৫ খ্রি.।
সময় : দুপুর ১২:০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "খ"

সভার শুরুতেই প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় গত ২৪/০৬/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ বিশেষ সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধন, বিয়োজন বা সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর অদ্যকার সভার নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**স্থায়ী কমিটির সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত :**

| ক্রঃনং | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | ইউনিয়ন/ওয়ার্ড সভা সম্পর্কিত আলোচনা | ইউনিয়ন/ওয়ার্ড কমিটির সভা সম্পর্কিত বিষয়ে আলোচনা হয়। উপস্থিত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানান যে, বিধি অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ড সভা অনুষ্ঠিত হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কমিটির সভার কার্যবিবরণী প্রতিমাসে প্রেরণ করা হচ্ছে। | উপজেলা পরিষদ সভা অনুষ্ঠানের পূর্বে ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণী নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ও ইউপি/সচিব (সকল) কাউনিয়া, রংপুর। |
| ০২ | উপজেলার ইউনিয়ন পরিষদে UDC গুলির আয়ের তথ্য আপলোড এবং ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করন। | হারাগাছ পৌরসভা ও সকল ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলির তথ্য বিষয়ে চেয়ারম্যানগণের নিকট জানতে চাওয়া হলে তাঁরা জানান UDC গুলির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | হারাগাছ পৌরসভা ও ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলো তদারকি করার জন্য মেয়র, হারাগাছ পৌরসভা ও সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয় | সংশ্লিষ্ট সকল |

**বিভাগ ভিত্তিক আলোচনা :**

১.উপজেলা স্বাস্থ্য বিভাগ:

| ক্রঃনং | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | জুন/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, জুন/২০২৫ মাসে ইনডোরে ৬৩৭ জন, আউটডোরে ৭২১৯ জন এবং ইমারজেন্সি বিভাগে ৩৫৪৯ জন রোগির চিকিৎসা প্রদান করা হয়েছে। মেজর ও মাইনর অপারেশন করা হয়েছে ৩৬৭ টি। হাসপাতালে মৃত্যু হয়েছে ০১ জনের। এছাড়া অন্যান্য সেবা প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

২.উপজেলা কৃষি বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | জুন/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা কৃষি অফিসার বলেন যে, ২০২৪-২৫ অর্থ বছরে কৃষি প্রনোদনা কর্মসূচির আওতায় রবি মৌসুমে বরাদ্দকৃত ৩০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষককে বিনামূল্যে সার ও বীজ বিতরণ কার্যক্রম চলছে। কোন সমস্যা নেই। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা কৃষি অফিসার, কাউনিয়া, রংপুর। |

৩. উপজেলা প্রাণী সম্পদ বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | জুন/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা জানান যে, তাঁর কার্যালয়ের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

৪. মৎস্য বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | জুন/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মৎস্য অফিসার বলেন যে, অফিসে আগত এবং মাঠপর্যায়ে চাষীদের পরামর্শ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। আগামী ২২-২৮ জুলাই জাতীয় মৎস্য সপ্তাহ পালিত হবে। এবারের প্রতিপাদ্য **"অভয়াশ্রম গড়ে তুলি, দেশী মাছে দেশ ভরি"**। জাতীয় মৎস্য সপ্তাহ পালনে সকলের সহযোগীতা কামনা করেন। এছাড়া তাঁর বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার , কাউনিয়া, রংপুর। |

৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:

<table>
<tr><td rowspan="2">০৫</td><td rowspan="2">জুন/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা।</td><td>
<table>
<tr><td rowspan="2">মাসের নাম</td><td colspan="3">অস্থায়ী পদ্ধতি</td><td colspan="2">দীর্ঘমেয়াদী পদ্ধতি</td><td colspan="2">স্থায়ী পদ্ধতি</td><td rowspan="2">সর্বমোট</td></tr>
<tr><td>খাবার বড়ি</td><td>কনডম</td><td>ইনজেকটেবলস</td><td>IUD</td><td>ইমপ্ল্যানন</td><td>পুরুষ</td><td>মহিলা</td></tr>
<tr><td>জুন/২০২৫</td><td>১০১৪</td><td>৩২</td><td>৩৫৩</td><td>--</td><td>--</td><td>--</td><td>--</td><td>১৩৯৯</td></tr>
</table>
</td><td rowspan="2">উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার কাউনিয়া, রংপুর।</td></tr>
<tr><td>১। পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন এমআইএস ইউনিট কর্তৃক মাঠ পর্যায়ে জনসংখ্যা ও দম্পতি নিবন্ধন, তথ্য সংগ্রহ,সেবা প্রদানের তথ্যাদি সংরক্ষন, পতিবেদন প্রনয়ণ এবং প্রেরনের কার্যক্রম ডিজিটালাইজ করার লক্ষ্যে ২০১৫ সাল হতেই-এমআইএস কার্যক্রম গ্রহণ করা হয়। ইতিমধ্যে ৬টি জেলায় পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদানের তথ্য উপাত্ত ও সংরক্ষন প্রক্রিয়াকে ওপারলেন্স ঘোষণা করা হয়েছে।<br>২। এরই ধারাবাহিকতায় সুবিধাজনক সময়ে রংপুর জেলাসহ আরো ১৬টি জেলার পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদানের তথ্য উপাত্ত ও সংরক্ষন প্রক্রিয়াকে ওপপারলেস ঘোষনা করা হয়েছে।<br>৩।UH&FWC/MCWC গুলোতে,মা ও শিশু মৃত্যু রোধে সচেতনমুলক স্বাস্থ্য সেবা বৃদ্ধিসহ ২৪/৭ স্বাভাবিক প্রসব সেবা অব্যাহত আছে।<br>৪। আবাসন/আশ্রয়ন/গুচ্ছগ্রাম-FPI,FWV ও FWA কতৃক প্রতিমাসে কার্যক্রম চালু আছে।<br>৫। উক্ত উপজেলায় ৪১ টি ইউনিট হলেও কর্মরত FWAরয়েছে ৩৩ জন।</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৬। বিভাগীয় মাসিক সমন্বয় সভার দাপ্তরিক দিকনির্দেশনা প্রদান করা হয়েছে। | | |

৬.উপজেলা প্রকৌশল বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | জুন/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রকৌশলী জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি, কাউনিয়া। |

৭.উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | জুন/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারী এডুকেশন (লেইস) প্রজেক্ট জলবায়ু সচেতনতা অনুদান প্রতি মাধ্যমিক, স্কুল এন্ড কলেজ ও মাদ্রাসাসহ ৫০০০*৫৪টি প্রতিষ্ঠান=২,৭০,০০০/- টাকা বিতরণ করা হয়েছে। পারফরমেন্স বেজড গ্রান্টস ফর সেকেন্ডারি ইনসটিটিউশনস স্কিমের আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরের পুরস্কারের অর্থ মোট ২,৩০,০০০/- টাকা মোট ১৪ শিক্ষার্থীর মধ্যে বিতরণ করা হয়েছে। উপজেলার শ্রেষ্ঠ শিক্ষার্থীর পুরস্কার প্রাপ্ত ৩৮ জন শিক্ষার্থীকে ক্রেস্ট ও সার্টিফিকেট বিতরণ করা হয়েছে। এছাড়া কয়েকটি প্রতিষ্ঠানের মেরামত ও সংস্কার কার্যক্রম চলমান রয়েছে। তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর। |

৮.উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | জুন/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রকল্পের আওতায় জানুয়ারি ২৫ হতে জুন ২০২৫ পর্যন্ত উপবৃত্তির শিক্ষার্থীর তথ্য এন্ট্রি যাচাই-বাছাই কার্যক্রম সম্পন্ন হয়েছে। অত্র উপজেলার ১১৫ টি বিদ্যালয়ের মধ্যে ৭৪টিতে মাল্টিমিডিয়া ও অন্যান্য মালামাল সুষ্ঠু ও সুন্দরভাবে বিতরণ করা হয়েছে। কিছু বিদ্যালয়ের নতুন ভবন ও ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে। উপজেলার ৪৪ জন সহকারী শিক্ষককে ডিপিএড পাশকৃত বকেয়া বিল প্রদান করা হয়েছে। এছাড়াও কিছু শিক্ষককে উচ্চতর গ্রেড প্রদান করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর |

৯. উপজেলা সমাজ কল্যাণ বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | জুন/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা সমাজ সেবা অফিসার,কাউনিয়া, রংপুর। |

১০.উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | জুন/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান যে, তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,কাউনিয়া, রংপুর। |

১১. উপজেলা মহিলা বিষয়ক বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | জুন/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে,২০২৫-২০২৬ চক্রের ভিডব্লিউবি কার্যক্রমের আওতায় ইউনিয়ন সমূহে লটারির মাধ্যমে উপকারভোগী নির্বাচন কার্যক্রম শেষ হয়েছে। যা উপজেলা পর্যায় হতে অনুমোদন হয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় জুন মাস পর্যন্ত উপকারভোগী নির্বাচন করা হয়েছে। কোনো উপকারভোগীর ভাতা প্রাপ্তিতে সমস্যা থাকলে তার সঠিক তথ্য নিয়ে উপজেলা কার্যালয়ে প্রেরণ করতে হবে। জুলাই মাসের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে আবেদন গ্রহণ করা হবে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার কাউনিয়া, রংপুর। |

১২. উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | জুন/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার কার্যালয়ের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার কাউনিয়া, রংপুর। |

১৩. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | জুন/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে ক্ষুদ্র ঋণ বিতরণ করা হয়েছে ৮৪৯.৮৯ লক্ষ টাকা। এর মধ্যে পুরুষ সদস্য ২৪২ জন এবং মহিলা সদস্য ১০০০ জন। পল্লী উদ্যোক্তা ঋণ বিতরণ করা হয়েছে =২,৫৫,২৩,০০০/- টাকা। এর মধ্যে পুরুষ সদস্য ১২ জন এবং মহিলা সদস্য ৩৫৩ জন। কিশোরী সংঘের ২০০ জনকে স্বাস্থ্য সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া অন্যান্য সকল প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কাউনিয়া, রংপুর। |

১৪. উপজেলা সমবায় বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | জুন/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা সমবায় অফিসার বলেন যে, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক, সুষ্ঠ ও সুন্দরভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | উপজেলা সমবায় অফিসার কাউনিয়া, রংপুর। |

১৫. বন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | জুন/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা বন অফিসার জানান যে, উপজেলা পরিষদ চত্বরের উন্নয়নমূলক কাজের ব্যাঘাত সৃষ্টি হওয়ায় উপজেলা বনায়ন নার্সারী কেন্দ্রের ওয়াশরুমটি ভেঙ্গে ফেলা হয়েছে। তাই নার্সারী কেন্দ্রটির পার্শ্বে নতুন একটি ওয়াশরুম নির্মাণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | উপজেলা বন কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

১৬.জনস্বাস্থ্য বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬. | জুন/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপ-সহকারী প্রকৌশল অধিদপ্তর (জনসাস্থ্য) জানান যে, তার বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | উপ-সহকারী প্রকৌশল জনস্বাস্থ্যকাউনিয়া, রংপুর। |

১৭. উপজেলা খাদ্য বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | জুন/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা খাদ্য কর্মকর্তা, জানান যে, কাউনিয়া উপজেলার ২৫ জন খাদ্যবান্ধব ডিলার নিয়োগের জন্য ভেরিফিকেশন কার্যক্রম চলমান। হারাগাছ পৌরসভায় ৬জন ওএমএস ডিলার লটারির মাধ্যমে নির্বাচন সম্পন্ন করা হয়েছে। নতুন করে ৮০০ জন খাদ্যবান্ধব ভোক্তা বর্ধিতকরণ ও মৃত ভোক্তার তথ্যের জন্য ইউনিয়ন খাদ্যবান্ধব কমিটির কাছে ০৩ কর্ম দিবসের মধ্যে লিস্ট চেয়ে চিঠি দেয়া হয়েছে। । তার | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | | |

১৮. আনসার ও ভিডিপি বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | জুন/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা আনসার ভিডিপি অফিসার জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা আনসার ভিডিপি অফিসার,কাউনিয়া, রংপুর। |

১৯. উপজেলা রিসোর্স সেন্টারঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | জুন/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা ইনস্ট্রাক্টর জানান যে, অফিস ভবন মেরামত ও সংস্কারের জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক বরাদ্দ পাওয়া গিয়েছে। উপজেলা প্রকৌশলী মহোদয় উক্ত কাজ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রেখেছেন। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, কাউনিয়া, রংপুর। |

২০. উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন :

| | | | | |
|---|---|---|---|---|
| ২০ | জুন/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা জানান যে, উপজেলায় পিডিবিএফ ২০২৪-২০২৫ অর্থবছরে ক্ষুদ্র ঋণ বিতরণের লক্ষমাত্রা ছিল ৬৫০.০০ লক্ষ টাকা। ২০২৪-২৫ অর্থ বছরের মোট বিতরণ করা হয়েছে ৫৯৫.২৭ লক্ষ টাকা। ঋণ বিতরণের হার ৯২%। ঋণ আদারে হার ৯৭%। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

২১. উপজেলা পরিসংখ্যান বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | জুন/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, উপজেলায় "জাতীয় সংস্কার বিষয়ক জনমত জরিপ" এর তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

**বিবিধ :**

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, হাট-বাজার রক্ষণাবেক্ষণ(১৫%) শিরোনাম(চঃহিঃনং৫০০৯৬২০০১১০০ এবং হাট-বাজার উন্নয়ন(১০%) শিরোনাম(চঃহিঃনং৫০০৯৬২০০১১০১ হিসাব ০২টি সোনালী ব্যাংক পিএলসি কাউনিয়া শাখায় রয়েছে। "হাট-বাজার ইজারা লব্দ আয়" শিরোনামে হিসাব নম্বরটি গত-১৯/১২/২০২৪খ্রি, তারিখে উপজেলা পরিষদের মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক (সোনালী ব্যাংক পিএলসি কাউনিয়া শাখা হতে জনতা ব্যাংক পিএলসি কাউনিয়া শাখায়) স্থানান্তর করা হয়েছে। কাজের সুবিধার্থে বর্ণিত হিসাব দুটি সোনালী ব্যাংক পিএলসি কাউনিয়া শাখা হতে জনতা ব্যাংক পিএলসি কাউনিয়া শাখায় স্থানান্তর করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে হাট-বাজার রক্ষণাবেক্ষণ(১৫%) (চঃহিঃনং৫০০৯৬২০০১১০০ এবং হাট-বাজার উন্নয়ন(১০%) (চঃহিঃনং৫০০৯৬২০০১১০১ হিসাব ০২টি সোনালী ব্যাংক পিএলসি কাউনিয়া শাখা হতে জনতা ব্যাংক পিএলসি কাউনিয়া শাখায় স্থানান্তর করার সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা নির্বাহী অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর। |
| ২। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার বলেন যে,জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত জুলাই/৩৬ ফুটবল টুর্ণামেন্ট গোল্ডকাপ খেলাধুলার সামগ্রী ক্রয়ের জন্য জরুরী ভিত্তিতে ভাউচার মূলে ২৫,০০০/- টাকা উত্তোলন করা একান্ত প্রয়োজন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ,জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত জুলাই/৩৬ ফুটবল টুর্ণামেন্ট গোল্ডকাপ খেলাধুলার সামগ্রী ক্রয়ের জন্য উপজেলা উন্নয়ন তহবিল হতে =২৫,০০০/-(পচিশ হাজার)টাকা ব্যয়ের চেক প্রদানে সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

MHaque
২০/০৭/২৫

(মোঃ মহিদুল হক)
প্রশাসক
উপজেলা পরিষদ,
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
কাউনিয়া, রংপুর।